

বাংলাদেশ জুট করপোরেশন

আদমজী কোর্ট এনেক্স ভবন-২

১১৯-১২০, মতিঝিল বা/এ, ঢাকা।

বিষয়ঃ গত ২৫/১০/১৬ তারিখে মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন।

ক্রমিক নং	মাননীয় প্রধানমন্ত্রীর প্রদত্ত নির্দেশনা সমূহ	সিদ্ধান্ত	বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন
১৩	আদালতে বিচারাধীন মামলা প্রতিদ্বন্দিতা করার জন্য যে, সকল তথ্য, উপাত্ত ও প্রমাণক প্রয়োজন হয় তাহা যথাসময়ে দপ্তর/সংস্থাকে মন্ত্রণালয়ের মাধ্যমে সরবরাহ নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট সকলকে উদ্যোগ নিয়ে একত্রে কাজ করতে হবে।	মামলা যথাযথভাবে প্রতিদ্বন্দিতা করা এবং যথাসময়ে তথ্য উপাত্ত সরবরাহ ও উদ্যোগ গ্রহণের ধারা অব্যাহত রাখতে হবে।	ক) সুপ্রীমকোর্টের আপীল বিভাগে ১১ টি, হাইকোর্টে ৭১ টি, এবং বিভিন্ন জেলা জজ আদালতে ১৮৫ টিসহ মোট ২৬৭ টি মামলা বিচারাধীন আছে। তন্মধ্যে গুরুত্বপূর্ণ ৫ টি মামলা চিহ্নিত করা হয়েছে। খ) মামলা নিষ্পত্তিতে আঞ্চলিক কর্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সংগে নিয়মিত যোগাযোগের মাধ্যমে মামলাগুলি মনিটরিং করা হচ্ছে। প্রসংগত উল্লেখ্য যে, গুরুত্বপূর্ণ ৫ টি মামলার মধ্যে ইতোমধ্যে ২ টি মামলার যথাক্রমে হাইকোর্ট ও সুপ্রীমকোর্টে সংস্থার পক্ষে রায় হয়েছে এবং অপর ৩ টি মামলা কজলিষ্টে আনায়ন পূর্বক অতিসত্বর নিষ্পত্তির লক্ষ্যে বিজ্ঞ আইনজীবীদের নির্দেশনা দেয়া হয়েছে। এছাড়া মন্ত্রণালয়ের নির্দেশের আলোকে ৫০ টি গুরুত্বপূর্ণ মামলা নিষ্পত্তির লক্ষ্যে সার্বক্ষণিক তদারকি করা হচ্ছে। গ) এ বিষয়ে বিজেসির মাসিক সমন্বয় সভায় মামলা নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে বিজ্ঞ প্যানেল এ্যাডভোকেট/মনিটরিং কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করা হয়ে থাকে। ঘ) প্রতিটি মামলা দায়েরের পূর্বে যে সকল তথ্য উপাত্ত ও প্রমাণক প্রয়োজন হয় তা যথাসময়ে বিজ্ঞ আইনজীবীদের নিকট সরবরাহ করা হয়ে থাকে।
১৪(খ)	সরকারী জমি ফেলে না রেখে যথাযথ কাজে লাগানোর ক্ষেত্রে সম্ভাব্য সর্বোত্তম প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	খ) যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে সরকারী অব্যবহৃত জমি কাজে লাগানোর ক্ষেত্রে ব্যবস্থা নিতে হবে এবং এ বিষয়ে প্রতিমাসে কি অগ্রগতি সাধিত হলো তা পরবর্তী মাসের সভায় উপস্থাপন করতে হবে।	মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার আলোকে বিলুপ্ত বিজেসির ১৬১ টি অবিক্রিত সম্পত্তি উন্নয়ন মূলক কাজে অথবা যৌথ উদ্যোগে ব্যবহার করা যায় কিনা মর্মে সংস্থাসমূহকে অবহিত করা হয়েছে। এছাড়াও বিজেসির অবিক্রিত ১৬১ টি সম্পত্তির জেলাওয়ারী একটি তালিকা মন্ত্রণালয় ও বিজেসির ওয়েব সাইটে সংরক্ষিত আছে।